

## সংবর্ধনা পেলেন রেজওয়ান চৌধুরী বন্যা

ভারতের মর্যাদাপূর্ণ রাষ্ট্রীয় বেসামরিক সম্মাননা 'পদ্মশ্রী'-তে ভূষিত হয়েছেন বাংলাদেশের বরেণ্য রবীন্দ্রসংগীতশিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা। ভারতের চতুর্থ সর্বোচ্চ বেসামরিক সম্মান পদ্মশ্রীতে ভূষিত হওয়ায় রেজওয়ানা চৌধুরী বন্যাকে সংবর্ধনা দিয়েছে বাংলাদেশ সংগীত সংগঠন সমন্বয় পরিষদ। বাংলাদেশ শিল্পকলা একাডেমির সংগীত ও নৃত্যকলা কেন্দ্র মিলনায়তনে আয়োজিত একটি অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মঞ্চসারথি আতাউর রহমান।

## টাইমস স্কয়ারে বিলবোর্ডে দেশের ৮ শিল্পী

পৃথিবীর অন্যতম আকর্ষণীয় ও গুরুত্বপূর্ণ স্থান টাইমস স্কয়ারের বিলবোর্ডে দেখা গেল বাংলাদেশি শিল্পীদের। তাও একজন দুজন নয়, একসঙ্গে দেখা মিলল ৯ জন বাংলাদেশি শিল্পীর মুখ। এর মধ্যে রয়েছেন ইমরান মাহমুদুল, ঐশী, কণা, মাশা ইসলাম, জাহিদ নিরব, মুজিব পরদেশি, ইনিমা রশ্মি ও কাজল দেওয়ান। এ ছাড়া সবার ওপরে বড় করে যার ছবিটি স্থান পেয়েছে, তিনি সংগীত পরিচালক পাভেল আরিন। মূলত 'লিভিং রুম সেশন' নামে একটি প্রকল্প করছেন পাভেল আরিন। এই প্রকল্পের আনুষ্ঠানিক ঘোষণা দেওয়ার জন্যই টাইমস স্কয়ারের একটি বিলবোর্ডে প্রদর্শন হয় প্রজেক্টটির নামসহ শিল্পীদের ছবি।





## গ্র্যামিতে টেইলর সুইফটের ইতিহাস

গ্র্যামি অ্যাওয়ার্ডসের ৬৬ বছরের ইতিহাসে প্রথম সংগীতশিল্পী হিসেবে চার বার বর্ষসেরা অ্যালবাম পুরস্কার জিতে ইতিহাস গড়েছেন টেইলর সুইফট। বছরের সবচেয়ে জনপ্রিয় অ্যালবাম 'মিডনাইটস' এর জন্য সেরা অ্যালবামের পুরস্কার জয় করেন টেইলর সুইফট। এবারের গ্র্যামির মঞ্চ থেকে নতুন অ্যালবামের ঘোষণাও দেন টেইলর। তিনি জানিয়েছেন, আগামী ১৯ এপ্রিল 'দ্য টর্চারড পোয়েটস ডিপার্টমেন্ট' প্রকাশ করবেন তিনি।

## ইরানে পুরস্কার জিতলেন ফারিণ

ইরানের ঐতিহ্যবাহী ফজর আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে পুরস্কার জিতেছেন বাংলাদেশি অভিনেত্রী তাসনিয়া ফারিণ। 'ফাতিমা' চলচ্চিত্রে অভিনয়ের স্বীকৃতিস্বরূপ তিনি জিতেছেন ক্রিস্টাল সিমোর্গ অ্যাওয়ার্ড। ফেসবুকে এক পোস্টে সুখবরটি দিয়েছেন ফারিণ। পুরস্কার প্রদানের সময় উপস্থিত ছিলেন না অভিনেত্রী। তার হয়ে মঞ্চে এ পুরস্কার গ্রহণ করেছেন সিনেমাটির নির্মাতা ধ্রুব হাসান। ধ্রুব হাসান পরিচালিত 'ফাতিমা' সিনেমার গল্পটি আবর্তিত হয়েছে ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় একজন নারীর চ্যালেঞ্জকে ঘিরে।





## এপ্রিলে ঢাকায় আসছেন জাভেদ আলি

'আরবান নাইট উইথ থ্রি নেশনস' শীর্ষক কনসার্টে গাইতে ঢাকায় আসছেন বলিউডের জনপ্রিয় গায়ক জাভেদ আলী। ২৬শে এপ্রিল বিকেলে ঢাকা এরিনা, পূর্বাচল ৩০০ ফিট এক্সপ্রেসওয়েতে আয়োজিত এই কনসার্টে গাইবেন তিনি। কনসার্টটির আয়োজন করছে অ্যাসেন, আর্কলাইট ইভেন্টস ও জির্কুনিয়াম। তিন দেশের তিন গায়ক 'আরবান নাইট উইথ থ্রি নেশনস' শীর্ষক কনসার্টে গান গাইবেন। ভারতীয় গায়ক জাভেদ ছাড়াও এই কনসার্টে তরুণ পাকিস্তানি গায়ক আবদুল হান্নান এবং ঢাকার তরুণ গায়ক ঈশান মজুমদারও গাইবেন।



## অস্কারে যুক্ত হলো নতুন বিভাগ

যেকোনো সিনেমা বা সিরিজে চরিত্র অনুযায়ী অভিনয়শিল্পী বাছাইয়ের কাজ যারা করেন, তাদের বলা হয় কাস্টিং ডিরেক্টর। এতদিন সিনেমার সঙ্গে যুক্ত অন্যান্য কলাকুশলীরা পুরস্কৃত হলেও অস্কারে কাস্টিং ডিরেক্টরদের কোনো জায়গা ছিল না। তবে বর্তমানে এ বিভাগ থেকে পুরস্কৃত করা হবে। গত ১০ ফেব্রুয়ারি দ্য একাডেমি অব মোশন পিকচার আর্টস অ্যান্ড সায়েন্সেসের পক্ষ থেকে এমনটা জানানো হয়। নতুন এই বিভাগের নাম দেওয়া হয়েছে ‘বেস্ট অ্যাচিভমেন্ট ইন কাস্টিং’। অস্কারের ৯৮তম আসর থেকে সম্মানিত করা হবে তাদের।

## বেঙ্গালুরু চলচ্চিত্র উৎসবে জুরি বাঁধন

বেঙ্গালুরু আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের অফিশিয়াল জুরি হওয়ার জন্য আমন্ত্রণ পান বাংলাদেশি অভিনেত্রী আজমেরী হক বাঁধন। ভারতের সরকারি প্রতিষ্ঠান কর্ণাটক চলচ্চিত্র একাডেমি আয়োজিত ১৫তম বেঙ্গালুরু আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের জুরি প্রধানের দায়িত্ব পালন করেছেন তিনি। উৎসবটি কর্ণাটকের রাজধানী বেঙ্গালুরুতে ২৯ ফেব্রুয়ারি থেকে ৭ মার্চ পর্যন্ত অনুষ্ঠিত হয়েছে।



## ৫ বছর পর কলকাতায় জেমস

বাংলাদেশ তো বটেই পশ্চিমবঙ্গেও জেমসের ভক্ত-অনুরাগীর অভাব নেই। কলকাতায়ও তার কনসার্ট থাকলে ঢাকার মতো উন্মাদনা তৈরি হয়। তবে জেমস গত চার বছর কলকাতায় কনসার্ট করেননি। বিরতির পর আবার কলকাতার মঞ্চে ফিরছেন জেমস। ৩ মার্চ নেতাজি ইনডোর স্টেডিয়ামে গাইবেন নগর বাউল খ্যাত এই সংগীতশিল্পী।



## বড় পর্দায় মেহজাবীনের অভিষেক

ছোটপর্দার জনপ্রিয় অভিনেত্রী মেহজাবীন চৌধুরীর ১৪ বছর আগে ২১শে ফেব্রুয়ারি আত্মপ্রকাশ করেছিলেন নাটকে। আর ১৪ বছর পর ২১শে ফেব্রুয়ারিতে নিজের প্রথম সিনেমার আনুষ্ঠানিক ঘোষণা দিয়েছেন মেহজাবীন। তার প্রথম সিনেমার নাম ‘সাবা’। পরিচালনা করছেন মাকসুদ হোসেন।





## প্রথমবার মেয়ের সঙ্গে অভিনয়ে কিং খান

বলিউড বাদশা শাহরুখ খান। মেয়ে সুহানা খান এরই মধ্যে একটি শর্ট ফিল্ম ও পূর্ণাঙ্গ চলচ্চিত্রে অভিনয় করেছেন। চমকপ্রদ খবর হচ্ছে, প্রথমবার একই সিনেমায় মেয়ের সঙ্গে অভিনয় করতে যাচ্ছেন বলিউড বাদশা। সুজয় ঘোষের সিনেমায় একসঙ্গে দেখা যাবে শাহরুখ খান ও সুহানাকে।

## সুনিধির প্রথম অ্যালবাম প্রকাশ

রবীন্দ্রসংগীত শিল্পী সুনিধি নায়েক ভারতের আসানসোলের। মুক্তি পেয়েছে তার প্রথম মৌলিক গানের অ্যালবাম। তার অ্যালবামের নাম 'আড়ালে' আর এতে পাঁচটি গান আছে। অ্যালবামের 'আড়ালে' শিরোনামের প্রথম গান ২ ফেব্রুয়ারি প্রকাশ পায়। ইতিমধ্যে আরও চারটি গান প্রকাশ পেয়েছে। বাংলাদেশের জনপ্রিয় সংগীতশিল্পী শায়ান চৌধুরী অর্ণবের সঙ্গে বিয়ের পরে বাংলাদেশেই বেশির ভাগ সময় থাকেন সুনিধি। একাধিক গানে অর্ণবের সঙ্গী হয়েছেন তিনি।







## টিভি সিরিজ রপ্তানিতে তৃতীয় শীর্ষ দেশ তুরস্ক

যুক্তরাষ্ট্র ও ব্রিটেনের পর বর্তমানে সবচেয়ে বেশি টেলিভিশন সিরিজ রপ্তানি করে তুরস্ক। বৈশ্বিক দর্শক চাহিদা পরিমাপক প্রতিষ্ঠান প্যারোট অ্যানালিটিক্সের তথ্য উদ্ধৃত করে দ্য ইকোনমিস্টে বলা হয়, ২০২০ সাল থেকে ২০২৩ সালের মধ্যে তুর্কি টিভি সিরিজের চাহিদা ১৮৪ শতাংশ বেড়েছে। কোরিয়ার টিভি সিরিজের ক্ষেত্রে চাহিদা বৃদ্ধির হার ৭৩ শতাংশ। 'ম্যাগনিফিসেন্ট সেঞ্চুরি' টিভি সিরিজ বৈশ্বিকভাবে প্রচারের মাধ্যমে তুর্কি টিভি সিরিজ জনপ্রিয়তার তুঙ্গে ওঠে। বাংলাদেশেও এই সিরিজটির বাংলা ডাবিং 'সুলতান সুলেমান' নামে ২০১৫ সালের ১৮ নভেম্বর থেকে একটি বেসরকারি টিভি চ্যানেলে সম্প্রচার শুরু হয়।

## 'রকি' অভিনেতা কার্ল ওয়েদার্স মারা গেলেন



সত্তর দশকের জনপ্রিয় 'রকি' ফ্র্যাঞ্চাইজি তারকা কার্ল ওয়েদার্স মারা গেছেন। ৩ ফেব্রুয়ারি ৭৬ বছর বয়সী জনপ্রিয় এই আমেরিকান অভিনেতা, নির্মাতার মৃত্যু হয়েছে। রকি ফ্র্যাঞ্চাইজির সিনেমায় অ্যাপোলো ক্রিড চরিত্রে অভিনয় করে নজর কাড়েন এই অভিনেতা।

## মারা গেছেন নির্মাতা হারুনর রশীদ

মারা গেছেন 'মেঘের অনেক রং' খ্যাত চলচ্চিত্র পরিচালক হারুনর রশিদ। ১ ফেব্রুয়ারি রাত সাড়ে ১০টায় রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে মৃত্যু হয় তার। গত বছর ৬ ডিসেম্বর রাতে ব্রেইন স্ট্রোক করলে হারুনর রশিদকে জরুরি ভিত্তিতে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। শারীরিক অবস্থা গুরুতর হলে তাকে আইসিইউ'তে রাখা হয়। সেখান থেকে আর ফেরা হলো না এই নির্মাতার। ১৯৭৬ সালে মুক্তি পায় হারুনর রশিদ পরিচালিত সিনেমা 'মেঘের অনেক রং'। মুক্তিযুদ্ধকালীন সময়ে পাকবাহিনীর হাতে লাঞ্ছিত নারীদের গল্পে এটি নির্মাণ করেন তিনি।

